

বৈশ্বিক গবেষণা পেয়েছে ভোক্তাদের এখনো পছন্দ তুলা

বৈশ্বিক ভোক্তা নিয়ে উল্লেখযোগ্য গবেষণা

অনুমোদিত ও অংশীদারিত্বের সুযোগ সম্পর্কে আরও জানতে, আপনার স্থানীয় সিসিআই প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন। অঞ্চল অনুযায়ী প্রতিনিধিদের তালিকা দেখতে এখানে ক্লিক করুন।

বৈশ্বিক গবেষণা পেয়েছে ভোক্তাদের এখনো পছন্দ তুলা

সাম্প্রতিক বছরগুলোতে, অনেক ধরনের পোশাক তুলা থেকে সরে কৃত্রিম আঁশ ও মিশ্রনের দিকে গেছে। অবশ্য প্রশ্ন থেকেই যায়, এই ধারা কি ভোক্তাদের মাধ্যমে চলছে নাকি ব্র্যান্ড ও খুচরাদের।হল অ্যান্ড পার্টনারসের সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে ভোক্তারা আসলে সুতি বা তুলার কাপড় পছন্দ করেন এবং যুক্তরাষ্ট্রের তুলার ব্যাপারে তাদের মনোভাব ইতিবাচক।

২০১৭ সালের মার্চ ও এপ্রিলে, তৃতীয় পক্ষের একটি গবেষণা প্রতিষ্ঠান ভোক্তাদের ওপর একটি বৈশ্বিক সমীক্ষা চালায়। এই গবেষণার লক্ষ্য ছিল, ভোক্তাদের সিদ্ধান্ত নেওয়ার পদ্ধতি সম্পর্কে আরও ভালোভাবে জানা, তুলা ও কৃত্রিম আঁশের ব্যাপারে তাদের অভিমত এবং যুক্তরাষ্ট্রের তুলা সম্পর্কে তাদের মনোভাব জানা। অংশগ্রহণকারীদের মধ্যে ছিল ২,৪৭৩ জন ঘরের সিদ্ধান্ত গ্রহণকারী, যাঁদের বয়স ২৫ থেকে ৫৪ বছরের মধ্যে। এছাড়া অংশগ্রহণকারীদের ৮০% ছিল নারী, বাকি ২০% পুরুষ। উত্তরদাতারা ছিলেন বিশ্বের ১২ টি বৃহত্তম এবং/অথবা ক্রমবর্ধমান ভোক্তা বাজারের, যেগুলো হলো: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জার্মানি, ইতালি, তুরস্ক, ভারত, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, চীন, জাপান ও কোরিয়া।

COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

ক্রয়ের কারণগুলোর গুরুত্ব

বিশ্বব্যাপী তিন-চতুর্থাংশের বেশি (৭৬%) উত্তরদাতা জানিয়েছেন পোশাক কেনার সিদ্ধান্তের ক্ষেত্রে কাপড়ের ধরনের বিষয়টি ছিল গুরুত্বপূর্ণ।পলেস্টার, রেয়ন ও মোডালের মতো অন্যান্য শীর্ষ কাপড়ের ধরনের চেয়ে সুতির (৮১%)সঙ্গেই ভোক্তারা বেশি পরিচিত।

পোশাক কেনার ক্ষেত্রে ভোক্তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণগুলোও সুতির সঙ্গেই সম্পর্কিত। কারণ এগুলো হলো: স্বস্তি, মূল্য ও স্থায়িত্ব। এই গবেষণায় এটিই জানায় ভোক্তারা তাদের পোশাকে সুতির সুবিধাগুলো চায়।

ক্রয়ের কারণগুলোর গুরুত্ব

উপাদানের পরিচিতি
(শীর্ষ ৩ ঘর মান)



ক্রয়ের কারণগুলোর গুরুত্ব এবং তুলার সঙ্গে সম্পর্ক

কাপড়ের মান- কারণগুলো	ক্রয়	তুলার সঙ্গে
স্বস্তি	80%	75%
অর্থের ভালো মূল্যায়ন	78%	49%
স্থায়িত্ব / কতদিন স্থায়ী হবে	61%	50%
কেতাদুরস্ত	58%	28%
যত্ন নেওয়া সহজ নির্দেশনা	49%	43%
কুঁচকে যায় না	34%	23%
গন্ধবিহীন	34%	30%
পরিবেশবান্ধব	30%	41%
ভেষজ আঁশ	20%	31%
দ্রুত শুকায়	18%	27%

COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

ভোক্তাদের অভিমত

ভোক্তারা সুতির মূল্য বুঝলেও তারা কি পৃথিবীর বিভিন্ন অংশ থেকে আসা তুলায় পার্থক্য করতে পারে? এই প্রশ্নের উত্তরের জন্য ভোক্তাদের কাছে সবচেয়ে বেশি দেখা মেলে এমন চারটি তুলা সম্পর্কে জানতে চাওয়া হয়:যুক্তরাষ্ট্রের তুলা, মিশরের তুলা, অস্ট্রেলিয়ার তুলা ও ব্রাজিলের তুলা।

সমীক্ষার ফলাফলে দেখা যায়, অন্যান্য দেশ থেকে আসা তুলার চেয়ে যুক্তরাষ্ট্রের তুলার প্রতি ভোক্তাদের অভিমত শুধু ইতিবাচকই নয়, তারা এজন্য বেশি অর্থ দিতেও রাজি। এটি সম্ভবত যুক্তরাষ্ট্রের তুলার প্রতি ভোক্তাদের ইতিবাচক মনোভাবের কারণে। কারণ যুক্তরাষ্ট্রের তুলা স্বস্তি,স্থায়িত্ব ও মূল্যের সঙ্গী।





COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

কটন ইউএসএ ব্র্যান্ড

পণ্যের উপাদানের ৫০% যুক্তরাষ্ট্রের তুলা থেকে তৈরি হলেই ব্র্যান্ড ও খুচরা বিক্রেতারা কটন ইউএসএ চিহ্ন ব্যবহার করে। ১৯৮৯ সাল থেকে কটন ইউএসএ ব্র্যান্ড ৫৬,০০০ পণ্য সারিকে (লাইন) অনুমোদন দিয়েছে, যারা ৩.৮ বিলিয়ন পোশাক ও গৃহস্থালির কাপড়ের পণ্যের প্রতিনিধিত্ব করছে।

বৈশ্বিক ভোক্তা সমীক্ষার ফলাফলে দেখা যায়, কটন ইউএসএ বাণিজ্যিক চিহ্ন ভোক্তাদের কাছে ব্র্যান্ডের ইতিবাচক প্রতিচ্ছবি তুলে ধরে। ভোক্তাদের অর্ধেকেরও বেশি (৫৫%) কটন ইউএস বাণিজ্যিক চিহ্ন সম্পর্কে সচেতন।আরও গুরুত্বের বিষয় হলো, বৈশ্বিক ভোক্তাদের অর্ধেকের বেশি কটন ইউএসএ বাণিজ্যিক চিহ্নকে স্বস্তি, মান,স্থায়িত্ব,বিশিষ্ট ব্র্যান্ড ও আস্থার বলে মনে করে। এই প্রাপ্ত তথ্য অনুযায়ী, কটন ইউএসএ বাণিজ্যিক চিহ্ন ব্র্যান্ড ও খুচরা বিক্রেতাদের জন্য পোশাকের মান ও স্বস্তি প্রদর্শনের সহজ উপায়।

সচেতনতা
কটন ইউএসএটিএম বাণিজ্যিক চিহ্ন



কটন ইউএসএটিএম চিহ্ন বোঝায় (শীর্ষ ৩ ঘর মান)

স্বস্তির	57%
উচ্চ মানের	56%
আস্থাশীল	53%
বিশিষ্ট	53%
বিশ্বস্ত	53%
উচ্চ ধারণা	49%
পরিবেশবান্ধব	49%
ধারাবাহিক	48%
অর্থের ভালো মূল্যায়ন	48%
মূল্যবান	46%
অনন্য	43%

COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS

উপসংহার

তৃতীয় পক্ষের এই বৈশ্বিক গবেষণায় দেখা যায় পোশাকে কৃত্রিম কাপড়ের দিকে ধারা থাকলেও স্বস্তির সঙ্গে সম্পর্কিত হওয়ায় ভোক্তারা সুতির সঙ্গেই বেশি পরিচিত। বিশ্বের বৃহত্তম ৬২ টি বাজারের ভোক্তারা জানিয়েছেন, তারা লেবেল বা চিরকুট দেখেন এবং সুতির পণ্য খোঁজেন, বিশেষ করে যুক্তরাষ্ট্রের তুলার। কারণ এটি বোঝায় স্বস্তি, মূল্য ও স্থায়িত্ব।

কটন ইউএসএ ব্র্যান্ড যুক্তরাষ্ট্রের তুলা শিল্পে প্রতীক এবং ভোক্তাদের মতে, এটি বোঝায় উচ্চ মান, পরিবেশবান্ধব পণ্য। আর তাই, ভোক্তারা এসব পণ্যের জন্য বেশি খরচ করতেও রাজি।

আরও জানতে, আপনার স্থানীয় সিসিআই প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন। অঞ্চল অনুযায়ী প্রতিনিধিদের তালিকা দেখতে এখানে ক্লিক করুন।

সিসিআই একটি ইইও নিয়োগকারী।

COTTON USA™
THE COTTON THE WORLD TRUSTS